আশা করছি খুব দ্রুত মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার মামলা নিষ্পত্তি হবে – যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি বলেছেন,সম্প্রতি বডিবিল্ডার ফাইনালে অসন্তোষসহ দেশে খেলোয়াড়দের সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে ‘আমাদের তালিকাভুক্ত ৫৩টি ইভেন্ট ফেডারেশন ও অ্যাসোসিয়েশন রয়েছে। এতে হাজার হাজার খেলোয়াড় রয়েছে। সেখানে বডিবিল্ডারের মতো একটি ইভেন্টের রেজাল্ট নিয়ে ঘটনাটি বিছিন্ন এবং অনাকাঙ্ক্ষিত।’
দেশে ফুটবল ও ক্রিকেটসহ সব ধরনের ক্রীড়ার মান উন্নয়ন ও সম্প্রসারণ নিয়ে তিনি আরও বলেন, ‘দেশে মাঠের সংখ্যা কমে যাওয়ায় খেলাধুলা কমে গেছে। আবার মামলা জটিলতার কারণে অনেক ক্রীড়া সংস্থার নির্বাচন দীর্ঘদিন হয়নি। এজন্য মেহেরপুরসহ জেলা পর্যায়ের ক্রীড়া সংস্থাগুলোকে সক্রিয় করতে যে সমস্ত ক্রীড়া সংস্থায় নির্বাচন ঝুলে আছে, সেগুলোর নির্বাচন দ্রুত সম্পন্ন করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

শনিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজের ভিত্তি প্রস্থর উদ্বোধন কালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

ফুটবলের গণজাগরণ নিয়ে তিনি বলেন, আমরা প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট চালু করেছি। বিশ^বিদ্যালয়গুলোতে ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে। স্কুল ও কলেজগুলোতেও আমরা ফুটবল টুর্নামেন্ট চালুর প্রক্রিয়া নিচ্ছি। ক্রমান্বয়ে এভাবেই দেশে ফুটবলে আবার গণজাগরণ সৃস্টি হবে।

এর আগে তিনি মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ২০ কোটি ৯ লাখ টাকা ব্যয়ে শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তি প্রস্থর কাজের উদ্বোধন কাজের ফলক উন্মোচন করেন। এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনএমপি সেখানে উপস্থিত ছিলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির সভাপতিত্বে ভিত্তি

প্রস্থর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্র জাহিদ আহসান রাসেল এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদ এম এ খালেক, আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু।

প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি প্রিয় কাজ এবং সবচেয়ে বেশি পছন্দ করেন যে প্রকল্পটিকে সেটি হলো শেখ রাসেল মিনি স্টেডিয়াম প্রকল্পকে। প্রধানমন্ত্রীর নির্দেশে সারাদেশের ১৮৬টি উপজেলায় এক যোগে শেখ রাসেল মিনি স্টেডিয়ামের কাজ চলছে। খেলাধুলার মান উন্নয়নে জেলা স্টেডিয়াম ছিলো, বিভাগীয় স্টেডিয়াম ছিলো কিন্তু উপজেলা স্টেডিয়াম ছিলো না। ফলে তৃণমূলে যাতে খেলাধুলার মান উন্নয়ন করা যায়। সেকারণে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে।

গাংনীতে ফেন্সিডিলসহ শিশু আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ বোতল ফেন্সিডিলসহ সাজিদ আলী (১৪) নামের এক ইজিবাইক চালককে আটক করেছে গাংনী থানা পুলিশ। গতকাল শুক্রবার(০৩ ফেব্রুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে তাকে আটক করে।আটককৃত সাজিদ আলী উপজেলার কাজিপুর গ্রামের মধ্যপাড়ার শাহাজামাল আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, উপজেলা রামনগর গ্রাম দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ভবানীপুর ক্যাম্প ইনচার্জ এস আই জহির রায়হান সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৫০বোতল ফেন্সিডিলসহ ইজিবাইক চালক সাজিদ আলীকে আটক করে। এসময়মাদক বহনের কাজে ব্যবহৃত ইজিবাইকটিতে তল্লাশি করে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করে ।

তিনি আরো জানান,আটককৃত সাজিদ আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে

মামলা পূর্বক আদালতে পাঠানো হবে । সাজিদের ইজিবাইকটি জব্দ করা হয়।

মেহেরপুর “পুলিশ সুপার কাপ’ আন্তঃ ব্যাডমিন্টন প্রতিযোগীতা অনুষ্ঠিত

মেহেরপুরে পুলিশ সুপার কাপ আন্তঃ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৩ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার রাতে মেহেরপুরে পুলিশ লাইনস মেহেরপুর জেলা পুলিশ ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজন করে।

টুর্নামেন্টে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এর নেতৃত্বে গাংনী থানা পুলিশের একটি টীম,মুজিবনগর থানা পুলিশের টীম,সদর থানা পুলিশের টীম পুলিশ সুপার কার্যালয়ের টীম,জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের টীমসহ মোট ২৪ টি দল অংশ গ্রহন করে।

১২ টি দলে ভাগ হয়ে টানটান উত্তেজনাকর খেলায় অতিরিক্ত পুলিশ সুপার (এডমিন) জামিরুল ইসলামের টীম অন্যদিকে তার ড্রাইভার কাউছার ও কম্পিউটার অপারেটর জাহিদ ফাইনালে ওঠেন। শ্বাসরুদ্ধকর খেলায় অতিরিক্ত পুলিশ সুপার এডমিন জামিরুল ইসলামের দলকে হারিয়ে কাউছার ও জাহিদের টীম চ্যাম্পিয়ন হয়।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে ট্রফি ও পুরুস্কার তুলে দেন। জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপার কাপ আন্তঃ ব্যাডমিন্টন প্রতিযোগীতা সাধুবাদ জানিয়েছেন সুধী মহল। এমন আয়োজন পুলিশের সকল সদ্স্যদের মধ্যে আনন্দ জুগিয়েছে এবং প্রতিবছর আয়োজনের দাবী করেছেন।

মেহেরপুরের রাইপুরে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার খন্দকারপাড়া ও রাইপুরে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ আহমেদের নেতৃত্বে নেতাকর্মীরা এ বুকলেট বিতরণ করেন।

এসময় শিশির অরুপ, ফারুক হোসেন, আব্দুর রাজ্জাক, বেলায়েত হোসেন, রাশিদুল হাসান, সাজিদ হোসেনসহ নেতাকর্মীরা অংশ নেন।

দর্শনার মুক্তি ক্লিনিকে ডাক্তারের ভুল চিকিৎসায় তৃতীয় শ্রেনীর ছাত্রের মৃত্যু

দর্শনা রেলগেট সংলগ্ন মুক্তি ক্লিনিকে আনাড়ি ডাক্তারের ভুল চিকিৎসায় মাদরাসার তৃতীয় শ্রেণীর ছাত্রের মুত হয়েছে। ঝামেলা এড়াতে নানা কৌশলে বাদি পক্ষের সাথে আপোষরফা করে নিয়েছে ক্লিনিক মালিক। অনেকেরই প্রশ্ন চিকিৎসার নামে এসব কসাই খানাতে আর কত প্রাণ ঝরবে।

জানাগেছে, দর্শনা পৌর এলাকার পরানপুর গ্রামের রিফজি কোলনি পাড়ার আনোয়ার হোসেন ড্রাইভারের ছেলে দর্শনা পুরাতন বাজার দারুল উলুম কিন্ডার গার্ডেন মাদরাসার তৃতীয় শ্রেণীর ছাত্র আমিনুল ইসলামের (৮) পেটে যন্ত্রনা শুরু হলে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে দর্শনা রেলগেট সংলগ্ন মুক্তি ক্লিনিকে নিয়ে যায়।

সেখানে কর্তব্যরত চিকিৎসক সেলিনা আক্তার সীমু আমিনুলের এ্যাপেন্ডিস হয়েছে অপারেশন করতে হবে। ডাক্তারে কথায় বিশ্বাস

স্থাপন করে পরিবারের লোকজন তাতে সন্মতি দেয়।

অভিযোগ উঠেছে আনাড়ি ডাক্তার এ্যাপেন্ডিস অপারেশনের পর রোগির অবস্থার অবনতি দেখা দিলে চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করেন। রাত ৩টার দিকে হাসপাতালে পৌছালে সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

আমিনুলের লাশ নিজবাড়ি পৌছুলে গ্রামবাসি ক্লিনিকের উপর চড়াও হয়। একপর্যায় দর্শনা থানাপুলিশ লাশ উর্দ্ধার করে ময়না তদন্তের জন্য থানাতে নেয়। সূত্র জানিয়েছে বাদি পক্ষের সাথে ক্লিনিক মালিক কৌশলে ঝামেলা এড়াতে আপোষ মিমাংসা করে নেয়। ফলে ময়না তদন্ত ছাড়াই লাশের দাফন সম্পন্ন হয়। এলাকাবাসির অভিযোগ চিকিৎসার নামে এসব কসাই খানাতে আর কত প্রাণ ঝরবে।

বিষয়টি তদন্তপূর্বক ক্লিনিক মালিকের বিরুদ্ধে প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে এলাকাবাসি।

গাংনীতে গ্রামীণ খেলাধুলা অনুষ্ঠিত

গাংনী উপজেলা চেংগাড়া সরকারী প্রথামিক বিদ্যালয় নবম বার্ষিক শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা শুক্রবার সকাল দশটা থেকে “যেমন খুশি তেমন সাজো” ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

দিন ব্যাপি প্লেট র্মাবেল উত্তোলন,ইট পায়ে হাটা,ঘরে বাইরে,চেয়ারে বসা. গুপ্ত ধন,অংক দৌড়, বন্ধ চোখে হাসঁ ধরা,ডিগবাজী, বস্তার উপরে বসে বস্তায় টানাদৌড়,বালিতে ঝুলিয়ে বল নিক্ষেপ,গামলার ভিতরে বেলুন ফোঁটানো,পিঠে হাড়ি ভাঙ্গা,স্বামীর পেটে স্ত্রীর বল নিক্ষেপ,(স্বামী স্ত্রী) দড়ি টানাটানি,হাড়ি ভাঙ্গা,আস্তে আস্তে মটর সাইকেল চালোন,মেরুদন্ড শক্তির পরিক্ষা, তেলাক্ত কলা গাছ,বালিশ লড়াই, সাবানা মাখা প্রতিযোগিতা,অন্ধভাবে পথ চলা, এছাড়ও রয়েছে নতুন আকর্ষনীয় সব ঐতিহ্যবাহী গ্রামীণ খেলাগুলো স্মৃতি ধরে রাখার জন্য চেংগাড়া গ্রামের যুব সমাজ এই

আয়োজন করেন।

শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা পরিচলানা কমিটির জান মোহাম্মদ মিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক,বিশেষ অতিথি ছিলেন ষোলটাকা ইউপির চেয়ারম্যান আনোয়ার হোসেন(পাশা),সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা,গাংনী প্রেক্লাবের জ্যোষ্ঠ সাংবাদিক মজনুর রহমান আকাশ,ষোলটাকার ছয় নং ওর্য়াড মেম্বর আবদø কুদ্দস প্রমুখ।

আয়োজক কমিটির সভাপতি জান মোহাম্মদ মিন্টু বলেন, গ্রামীন খেলা ধুলাকে ধরে রাখার জন্য এই খেলাধুলার আয়োজন। এই খেলা প্রতিবছর আয়োজন করি। কোভিড এর কারনে দুই বছর হয়নি। ১১ বছরে ধরে এই খেলাধুলা চালিয়ে আসেছেন চেংগাড়া গ্রামের লোকজন। দূর দুরন্ত থেকে এখানে খেলা উপভোগ করতে আসেন। বিভিন্ন বয়সের মানুষ তারা উপভোগ করে এবং আনন্দ পাই।

চেংগাড়া গ্রামের ইলাইহি বক্রা (৯৫)বছরে বৃদ্ধা ভাঙ্গা ভাঙ্গা কন্ঠে জানান, গ্রামের খেলাধুলা নাম শোনে খুবই আনন্দ লাগলো আসতে কষ্টে হলে,আসতে পেরে খেলা দেখেতে পেরেছি এটাই অনেক আনন্দ। ,হরেক রকমের খেলাধুলা আমার খুবই পছন্দ বলে জানান।

গাংনী ফতাইপুর গ্রাম থেকে খেলা দেখতে আসা আব্দুল কুদ্দস আলী (৭৯) আধুনিক প্রযুক্তির মাধ্যমে ঘরে বসে খেলাধুলা করে। আমাদের নাতিপুতিরা বাবা এই সব খেলাধুলার নামেই জানে না।

ফিল্টে বসে খেলা দেখার মজা আলাদা বলে জানান ষষ্ট শ্রেণীর শিক্ষার্থী চেংগাড়া গ্রামের খেলা দেখতে আসা মাইশা আক্তার জানান,গ্রামীণ খেলাগুলো দেখতে আমার খুব ভালো লাগে। তাই হাড়াভাঙ্গা গ্রাম থেকে এসছি আহ! বাবা মা‘র শৈশব কাল কতই না স্ন্দুর ছিলো। এটাও অনুভাব করছি আহরে কতো না সুন্দর ছিলো কিশোর আর শিশু কাল তাদের। গ্রাম বাংলার এ এক অপূর্ব নিদর্শন কালের গর্ভে কোথায় হারিয়ে যাচ্ছে এই খেলাধুলা,হারিয়ে যাচ্ছে শিশু দের দুরন্তপনা।

বক্তারা বলেন, আবহমান বাংলার ঐতিহ্যবাহী খেলা গুলোর আজ বিলপ্তির পথে গ্রামীণ খেলাগুলো অস্তিত্ব খুজেঁ পাওয়াই কঠিন। আধুনিক প্রযুক্তির ছোঁয়া গ্রাম বাংলার খেলাধুলা আজ রুপকথার ন্যায়। দেশের বিভিন্ন অঞ্চলে শতাধিক গ্রামীণ খেলাধুলার প্রচলন ছিলো।

কালের বির্বতনে দিন দিন হারিয়ে যাচ্ছে। স্মার্টফোন, ল্যাপটপ,ডেস্কটপে ভিডিও,এসব খেলার কারনে গ্রামীণ খেলা গুলো বিলপ্তির পথে বলে মনে করেন

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ওয়ার্কাস পার্টির মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় ওয়ার্কাস পার্টির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল ৩টার দিকে কার্পাসডাঙ্গা আশ্রয়ন প্রকল্প চত্ত্বরে।

দামুড়হুদা থানা কমিটির সভাপতি কমরেড আনছার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা কমিটির সাধারন সম্পাদক কমরেড আনোয়ার হোসেন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কমরেড শিক্ষক সিরাজুল ইসলাম বদ্দী,কমরেড আমিনুল ইসলাম লাল্টু,কমরেড নুরুল হুদা,কমরেড আ:মান্নান, কমরেড নজরুল ইসলাম। কাশেম,মিলন,সামাদুল হক।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন শাখার সভাপতি কমরেড আ:সামাদ।

দামুড়হুদায় স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট

টুর্নামেন্টর ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদায় দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা ও পুরুষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১০ টায় দামুড়হুদা দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। টুর্নামেন্টে তিনটি দল অংশগ্রহণ করেন দশমী স্থানীয় পাড়া, বনানী পাড়া ও পলাশী পাড়া একাদশ অংশগ্রহণ করে। খেলায় দশমী স্থানীয় পাড়া একাদশ চ্যাম্পিয়ন ও পলাশী পাড়া একাদশ রানার আপ হয়।

খেলায় অ্যাম্পায়ার ছিলেন নাঈম হাসান মন্ডল। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। পুরুষ্কার বিতরণ করেন দশমী স্থানীয় পাড়া ক্লাবের প্রতিষ্ঠা সভাপতি শেখ হাফিজুর শামসের। তিনি বলেন মাদকের ভয়াল থাবা থেকে যুব সমাজকে বাচাঁতে হলে খেলাধুলার বিকল্প নেই, তাই আমাদের সকলকে খেলাধুলার প্রতি মনোনিবেশ করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, সহ-সভাপতি আলামিন হক টনি, সাধারণ সম্পাদক নাঈম হাসান মন্ডল, যুগ্ম সম্পাদক আবদুল করিম,সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজ মুগ্ধ, বহিঃ সম্পর্ক বিষয়ক সম্পাদক সিজান পারভেজ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আলিফ মাহমুদ জীবন।

মুজিবনগরে ২ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামিসহ ৩জন গ্রেফতার

মুজিবনগরে ২ বছরের সাজা প্রাপ্ত পলাতক আসামী সহ ৩জন ওয়ারেন্ট ভুক্ত আসামিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।

গত বৃস্পতিবার রাত্রে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল এর নেতৃত্বে মুজিবনগর থানার এসআই উত্তম কুমার, এসআই আল নোমান, এসআই আরিফ, এএসআই আব্দুর রাজ্জাক সহ সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে উপজেলার বল্লভপুর গ্রামের জামিরুল ইসলামের ছেলে দুই বছরের সাজা প্রাপ্ত ওয়ারেন্ট ভুক্ত পালাতক আসামি কারিবুল ইসলাম (৩৫) এবং ওয়ারেন্টভুক্ত আসামি উপজেলার দারিয়াপুর গ্রামের মৃত বদরুদ্দিনের ছেলে আলাল উদ্দিন(৫৫), জালাল উদ্দিনের স্ত্রী শিরিনা খাতুন এবং আনন্দবাস গ্রামের রফিকুল ইসলামের ছেলে তৌফিক ইসলাম (২০) কে গ্রেপ্তার করে মুজিবনগর থানা পুলিশ।

গ্রেফতারকৃত আসামীদের প্রয়োজনীয় পুলিশ প্রহরার মাধ্যমে শুক্রবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

রাধাকান্তপুরে অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও পথসভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও নৌকার পক্ষে কাজ করার জন্য গনসংযোগ করেছে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বাংলাদেশ সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা জনগণের কাছে পৌঁছে দিতে তার নির্বাচনী এলাকার রাধাকান্তপুর গ্রাম অবকাঠামো উন্নয়নের জন্য পায়ে হেঁটে সমস্ত গ্রাম ঘুরে দেখেন এবং সাধারন জনগনের সাথে কথাকপোথন করেন। এ সময় গ্রামের রাস্তাঘাট, ঘরবাড়িসহ বিভিন্ন সমস্যার কথা শুনে সমাধানের আশ্বাস দেন তিনি।

গনসংযোগকালে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজাহান আলী, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিয়ার রহমান, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সভাপতি এনাম হোসেন বকুল, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ।